# বাকেরগঞ্জ উপজেলা পরিষদের ডিসেম্বর ২০২০ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোহাম্মদ শামসুল আলম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাকেরগঞ্জ, বরিশাল।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।
সভার তারিখ ঃ ১০ ডিসেম্বর ২০২০
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যদের হাজিরা রেজিষ্ট্রারে সংরক্ষিত।

সভার প্রারম্ভে সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কোন সংশোধনী না থাকায় উহা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগ ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিভাগ | বিষয়বস্তু | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, কোভিড-১৯ ২য় পর্যায় চলছে। তারা যথারীতি তাদের কাজ করছেন। স্বাস্থ্য বিধি পালনসহ সকলকে সচেতন থাকার জন্য অনুরোধ জানান। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ জানানো হয়। |
| ২। কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, এ উপজেলায় রবি মৌসুমে ইতোমধ্যে বোরোধান, খেসারী, সরিষা আবাদ শুরু হয়েছে। মাঠ ফসলের সার্বিক অবস্থা ভালো। তবে আগামী খরিপ-২/২০২১-২২ মৌসুমে উফশী আমান ধানের বীজ ও সার সহায়তা দিলে আমন উৎপাদন বিঘা প্রতি ৪ মন বৃদ্ধি পাবে। খরিপ-২/২০২১-২২ মৌসুমে ১ টি পৌরসভা ও ১৪ টি ইউনিয়নের ৪৫০০ জন কৃষকের প্রত্যেককে ১ বিঘা জমি আবাদের জন্য বিনামূল্যে ৫ কেজি উফশী আমন ধান বীজ (জাত-আর-২৩/ ব্রিধান, ৫২/ব্রিধান ৭৬), ১০ কেজি ডিএপি, ১০ কেজি এমওপি সার এবং ৩০০ কৃষকের প্রত্যেককে ১টি করে হ্যান্ড স্প্রেয়ার মেশিন বিতরণ জন্য অনুরোধ জানান। | উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র যোগাযোগের মাধ্যমে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ জানানো হয়। |
| ৩। প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেলনা। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। |
| ৪। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ জানানো হয়। |
| ৫। প্রকৌশল বিভাগ | ১। উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২০-২০১১ অর্থ বছরের এডিপি'র ১ম ও ২য় কিস্তির অর্থ পাওয়া গিয়েছে। প্রাপ্ত বরাদ্দ দিয়ে যথাসময়ে কাজ সম্পন্ন করে অর্থ খরচ না করলে অর্থ যথারীতি অটো সরকারের খাতে চলে যেতে পারে।<br>২। উপজেলা প্রকৌশলী আরো জানান যে, উপজেলা কমপ্লেক্সের সম্প্রসারিত ভবনের দরপত্র আহবানকৃত প্রস্তাবিত স্থানে দুইটি পরিত্যাক্ত জরাজীর্ণ গোডাউন ( একটি মাঝারী এবং একটি ছোট আকৃতির) রয়েছে। জরাজীর্ণ ভবন দুইটি ঝুঁকিপূর্ণ অবস্থায় আছে। জেলা প্রশাসক, বরিশাল মহোদয় উক্ত জায়গা পরিদর্শন পূর্বক জরাজীর্ণ ভবন অপসারণ করে ভবন নির্মাণের পক্ষে মতামত প্রদান করেন। এ অবস্থায় উক্ত ঝুঁকিপূর্ণ জরাজীর্ণ ভবন দুইটি পরিত্যাক্ত ঘোষণা করে নিলাম আহবান করা যেতে পারে।<br>৩। চেয়ারম্যান, কলসকাঠী ইউপি জানান যে, কলসকাঠী ইউনিয়নের ২০২০-২০২১ অর্থ বছরে এডিপির অর্থায়নে পিআইসি এর মাধ্যমে গ্রহণকৃত প্রকল্প পরিবর্তন করে তালুকদার বাড়ীর | ১। বিধি বিধান অনুসরণপূর্বক দ্রুত প্রকল্প বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।<br>২। বিস্তারিত আলোচনান্তে জরাজীর্ণ ভবন দুইটি অপসারণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।<br>৩। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। |

| | | |
|---|---|---|
| | সামনে খালের উপর ব্রীজ মেরামত করবেন মর্মে জানান।<br>৪। উপজেলা প্রকৌশলী ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় টেন্ডার, পিআইসি এবং কোটেশনের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পের তালিকা (সংযুক্ত) পরিশিষ্ট '' ক'' ''খ'' ''গ'' অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | ৩। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত প্রকল্পসমূহ অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিধি মোতাবেক বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। |
| ৫। পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেলনা। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। |
| ৬। সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেলনা। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। |
| ৭। প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে,তার বিভাগের কার্যক্রম স্বাভাবিবকভাবে চলছে। | শিক্ষার মান বৃদ্ধির লক্ষ্যে পাঠদানের বিষয়ে সরকারি সিদ্ধান্ত যথাযথভাবে পালন করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। |
| ৮। মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে,তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | শিক্ষার মান বৃদ্ধির লক্ষে করোনা কালীন সময় পাঠদানের বিষয়ে সরকারি সিদ্ধান্ত যথাযথভাবে পালন করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। |
| ৯। পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের ৩ টি পদ শূন্য থাকায় দাপ্তরির কার্যক্রম শ্লোথ গতিতে চলছে। | শূন্য পদসমূহে পূরণের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর বিধিগত ভাবে যোগযো রক্ষা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ১০। মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ভিজিডি কার্ড বাছাই কার্যক্রমের সময় সীমা বৃদ্ধি করে ২০ ডিসেম্বর-২০২০ পর্যন্ত করেছেন। | নীতিমালা যথাযথভাবে অনুসরণ করে ভিজিডি কার্ডধারী নির্বাচন করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানসহ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। |
| ১১। ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান যে, টি.আর. কাবিখা প্রকল্পের কাজ চলমান আছে। ১ মাসের মধ্যে সমস্ত কাজ সম্পন্ন করতে হবে। বরাদ্দকৃত কম্বল জরুরী ভিত্তিতে নেয়ার জন্য অনুরোধ জানান। | সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। |
| ১২। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে,তার বিভাগের কার্যক্রম স্বাভাবিবকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্যকে অনুরোধ জানানো হয় |
| ১৩। বন বিভাগ | চেয়ারম্যান ১২ নং রঙ্গশ্রী ইউনিয়ন পরিষদ জানান যে, তার ইউনিয়নের আওতাধীন বিভিন্ন এলাকা থেকে বন বিভাগ কর্তৃক ইতোপূর্বে যে সকল গাছ কেটেছে; নীতিমালা অনুযায়ী তার অংশ বিশেষ কোন উপকারভোগী এখন পর্যন্ত পায়নি। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপকারভোগীরা যাতে তাদের প্রাপ্য অর্থ পায় সে বিষয়ে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। |
| বিবিধ<br>১। আন্তঃ ইউনিয়ন খেয়াঘাটের ইজারালব্ধ আয় বন্টন | চেয়ারম্যান ১১ নং ভরপাশা ইউনিয়ন পরিষদসহ উপস্থিত সকল ইউপি চেয়ারম্যানগণ জানান যে, বাকেরগঞ্জ উপজেলা পরিষদের ব্যবস্থাধীন আন্তঃ ইউনিয়ন খেয়াঘাটসমূহের ইজারালব্ধ অর্থ সংশ্লিষ্ট হিসাবে জমা রয়েছে। উক্ত অর্থ নীতিমালা অনুযায়ী সমহারে বন্টনের বিধি রয়েছে। সে অনুযায়ী সকল ইউপি চেয়ারম্যানগণ উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়ন করার জন্য প্রকল্পের নামের তালিকা দাখিল করেছেন। প্রকল্পসমূহ অত্র সভায় অনুমোদনের আহবান জানান (তালিকা সংযুক্ত) পরিশিষ্ট ''ঘ''এবং ইউপি'র অনুকূলে অর্থ প্রদানের জন্য অনুরোধ জানান। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে আন্তঃ ইউনিয়ন খেয়াঘাট ইজারালব্ধ আয়ের দ্বারা ইউপি চেয়ারম্যানগণ দাখিলকৃত উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত অর্থ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। ইউপি সভার সিদ্ধান্ত মোতাবেক নীতিমালা অনুযায়ী গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হয়। |
| ২। হাটবাজার উন্নয়ন খাতের প্রকল্প বাস্তবায়ন | চেয়ারম্যান, ১২ নং রঙ্গশ্রী ইউনিয়ন পরিষদ জানান যে, হাট বাজার ইজারালব্দ আয়ের ১০% ও ১৫% অর্থ দ্বারা সংশ্লিষ্ট হাট-বাজার রক্ষণাবেক্ষন/উন্নয়নের জন্য উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক (তালিকা সংযুক্ত) পরিশিষ্ট ''ঙ'' প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে গৃহীত প্রকল্পসমূহ নীতিমালা অনুসরণ করে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। |

| | | |
|---|---|---|
| ৩। ইউ জি ডি পি সংক্রান্ত | উপজেলা ডেভলপমেন্ট ফেসিলেটর (ইউ ডি এফ) সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউ জি ডিপি) ও জিওবি কর্তৃক অর্থায়নে ২০১৮-২০১৯ অর্থ বছরে বাকেরগঞ্জ উপজেলায় প্রাপ্ত অর্থ দ্বারা গৃহীত নলুয়া আবুল কাশেম (ডিকেপি) মাধ্যমিক বিদ্যালয় হলরুম নির্মান সংক্রান্ত প্রকল্পের কাজ ইতোমধ্যে সমাপ্ত করে টাকা প্রাপ্তির লক্ষে ঠিকাদার ঠিকাদার বিল ভাউচার দাখিল করেছেন। যার প্রাক্কলিত ব্যয় ১৪০৪০০০/- খরচ হয়েছে। টাকা পরিশোধ করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী ও ইউ ডি এফ কাজের মান যাচাই পূর্বক বিল ভাউচার প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পকল্প পরিচালক (ইউজিডিএফ) এর কার্যালয়ে প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৪। আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণ সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ১৭ নভেম্বর-২০২০ তারিখের ০৪.০০. ০০০০. ০৪৬. ২৬. ৪৮৭. ২০১২ (অংশ-১)-৯১৯ নং স্মারকাদেশে উপজেলা নির্বাহী অফিসারগণের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের জন্য অস্ত্রাগার/গোলাবারুদ রাখার স্থান ও আবাসন ব্যবস্থা নিশ্চিত করতে উপজেলা পরিষদ চত্বরে সুবিধাজনক স্থানে ( উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন নিকটবর্তী) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আবাসন ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেছেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন নিকটবর্তী উপজেলা পরিষদ কর্মকর্তা-কর্মচারীদের কোয়াটারে প্রবেশ দ্বারের পূর্বপাশে ও অফিসার্স ক্লাবের পশ্চিম পার্শ্বে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রাপ্ত নকশা অনুযায়ী প্রাক্কলন প্রস্তুতপূর্বক আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। |
| ৫। পানি লাইন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, তার বাস ভবনে পানির লাইন ও ড্রেন নষ্ট হওয়ায় উহা মেরামত করা প্রয়োজন। এ ছাড়াও উপজেলা পরিষদের বিভিন্ন জায়গায় দীর্ঘদিনের জরাজীর্ণ পাইপ ফেটে যাওয়ায় পানি সরবরাহ করা যাচ্ছে না এমতাবস্থায় জরুরী ভিত্তিতে সংস্কার করা প্রয়োজন। | এ বিষয় আলোচনান্তে উপজেলা প্রকৌশলীকে জরুরী ভিত্তিতে প্রাক্কলন প্রস্তুত করে মেরামতের কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। প্রাক্কলন অনুযায়ী ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মিটানোর সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৬। মহিলা বিষয়ক ট্রেনিং সেন্টারে টয়লেট নির্মাণ প্রসংগে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, মহিলা বিষয়ক ট্রেনিং সেন্টারে প্রতিদিন অনেক মহিলা প্রশিক্ষনার্থী প্রশিক্ষণ গ্রহণের জন্য আসেন কিন্তু কোন টয়লেট না থাকায় বিভিন্ন অসুবিধার সম্মুখিন হতে হয়। তাই একটি টয়লেট নির্মান করার জন্য অনুরোধ জানান। | এ বিষয়য়ে বিস্তারিত আলোচনান্তে মহিলা বিষয়ক ট্রেনিং সেন্ট্রারে একটি টয়লেট নির্মাণের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন প্রস্তুত পূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। |

সভায় অন্য কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বা:
(মোহাম্মদ শামসুল আলম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাকেরগঞ্জ
ও সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
তারিখ ঃ ১৫ ডিসেম্বর ২০২০

স্মারক নং-০৫.১০.০৬০৭.০০০.০৬.০০১.১৬-৯৯৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১২৪, বরিশাল-৬ (বাকেরগঞ্জ) নির্বাচনী এলাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। জেলা প্রশাসক, বরিশাল।
৫। মেয়র, বাকেরগঞ্জ পৌরসভা, বরিশাল।
৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাকেরগঞ্জ, বরিশাল।
৭। উপজেলা............................................অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।
৮। চেয়ারম্যান........................................(সকল) ইউপি, বাকেরগঞ্জ, বরিশাল।

২৫-১২-২০২০
(মাধবী রায়)
উপজেলা নির্বাহী অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল।